



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/8/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে, COVID-19 শিশুদের মধ্যে গুরুতর অসুস্থতা সৃষ্টি করতে পারে এমন প্রমাণ তদন্ত করছে স্টেট স্বাস্থ্য দপ্তর

*NYC-তে বৃহস্পতিবার 5 বছরের একটি ছেলে এই COVID-সংক্রান্ত জটিলতায় মারা গেছে*

*স্বাস্থ্য দফতর এই মারাত্মক প্রবোচনামূলক রোগের কথা স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সংস্থাগুলিকে জানাতে একটি [পরামর্শ নির্দেশনা](#) জারি করেছে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে শিশুর গুরুতর অসুস্থতা ও শিশু মৃত্যুর ঘটনার যেগুলো COVID-19-এর সাথে সম্পর্কিত হতে পারে এমন বেশ কয়েকটি কেস স্টেট স্বাস্থ্য দপ্তর (State Department of Health) তদন্ত করছে। নিউ ইয়র্কে 73টি এমন ঘটনা ঘটেছে যেখানে শিশুরা কাওয়ামাকি রোগ এবং বিষাক্ত শক-সম্পর্কিত সিন্ড্রোমের মতো উপসর্গ অনুভব করছে, যা সম্ভবত COVID-19 এর কারণে হতে পারে, এবং বৃহস্পতিবার এই COVID-সংক্রান্ত জটিলতা থেকে নিউ ইয়র্ক শহরে 5 বছরের একটি বালক মারা গেছে। তদন্তের আওতায় থাকা বাকি কেসগুলো সিন্ড্রোমের সঙ্গে যুক্ত কি না, তা নির্ধারণ করতে এবং এই অসুখের জন্য কেস ডেফিনিশন কি হবে তা নির্ধারণ করতে গভর্নর স্বাস্থ্য দফতরকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC)-এর সঙ্গে কাজ করার জন্য নির্দেশ দিয়েছেন।

গভর্নর কুওমোর নির্দেশনায় স্টেট স্বাস্থ্য দপ্তর (State Department of Health) পরামর্শ নির্দেশনা এই মারাত্মক প্রদাহজনক রোগ সম্পর্কে একটি [উপদেশ নির্দেশনা](#) জারি করেছেন, যার নাম "COVID-19 এর সাথে সম্পর্কিত পেডিয়াট্রিক মাল্টি-সিস্টেম ইনফ্লেক্সেটরি সিনড্রোম," স্বাস্থ্যসেবা প্রদানকারীদের এই প্রদাহের অবস্থা অবহিত করার পাশাপাশি পরীক্ষা এবং প্রতিবেদনের জন্য নির্দেশনা প্রদান করতে। স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে, হাসপাতালসহ, 21 বছরের কম বয়সীদের মধ্যে সম্ভাব্য COVID-19-এর সাথে সম্পর্কিত পেডিয়াট্রিক মাল্টি-সিস্টেম ইনফ্লেক্সেটরি সিনড্রোমের ক্ষেত্রে স্বাস্থ্য বিভাগে রিপোর্ট করতে হবে।

নিউ ইয়র্কের বাসিন্দাদের দ্রুত সেবা নেওয়ার কথা ভাবতে হবে যদি কোনো শিশুর:

- দীর্ঘস্থায়ী জ্বর (পাঁচ দিনের বেশি) থাকে

- খাওয়াতে অসুবিধা (শিশু) বা খুব অসুস্থ যে তরল পান না করতে পারে
- তীব্র পেটে ব্যথা, ডায়রিয়া বা বমি
- স্বকের রং পরিবর্তন-ফ্যাকাশে হয়ে যাওয়া, সামঞ্জস্যহীন এবং/অথবা নীল
- শ্বাস কষ্ট বা খুব দ্রুত শ্বাস নেওয়া
- রেসিং হার্ট বা বুকো ব্যথা
- প্রস্রাবে ফ্রিকোয়েন্সির পরিমাণ কমে যাওয়া
- আলস্য, খিটখিটে মেজাজ বা বিভ্রান্তি প্রকাশ করলে

"COVID-19 সম্পর্কে এখনো আমরা অনেক কিছু জানি না এবং শুরুতে আমাদের বিশ্বাস করতে হয়েছে যে এই ভাইরাসের সুসংবাদ হল শিশুদের উপর এটি প্রভাব ফেলছে না," **গভর্নর কুওমো বলেন।** "এখন আমাদের একটি নতুন বিষয় নিয়ে ভাবতে হচ্ছে কোথায় COVID-19 ভাইরাসে আক্রান্ত কিছু শিশু কাওয়ামাসাকি রোগ বা বিষাক্ত শক-সদৃশ সিনড্রোমের অনুরূপ উপসর্গ নিয়ে অসুস্থ হয়ে পড়ছে। এটা সত্যিই বেদনাদায়ক সংবাদ হবে এবং এই ভাইরাসের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে একটি সম্পূর্ণ ভিন্ন অধ্যায় খুলবে এবং স্টেট স্বাস্থ্য দপ্তর (Department of Health) বর্তমানে এই কেসগুলি আরও জানতে তদন্ত করছে। ইতোমধ্যে, আমরা সব মানুষকে সতর্ক করছি যে এই গুরুতর অসুস্থতা উপসর্গ তারা যেন সহজে খুঁজে বের করতে পারে এবং আপনার সন্তান অসুস্থ হলে আপনি যেন অবিলম্বে সাহায্য চাইতে পারেন।"

**নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন,** "প্রতিটি দিন অতিক্রান্ত হচ্ছে এবং আমরা এই ভয়ানক ভাইরাস সম্পর্কে আরো শিখছি এবং এই সম্ভাব্য নতুন মাত্রা মোকাবেলার জন্য আরও বড় বোঝাপড়ার প্রয়োজন। আমরা প্রতিটি সম্ভাব্য কেস গবেষণার জন্য বিভাগের সম্পদ নিয়োজিত করব এবং স্টেট ও দেশ জুড়ে সকল স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে আমাদের ফলাফল শেয়ার করবো।"

যদিও অধিকাংশ শিশু যারা যুক্তরাজ্যে COVID-19-এর অভিজ্ঞতা লাভ করেছে শুধুমাত্র হালকা উপসর্গ প্রকাশ করেছে, তাদেরও পেডিয়াট্রিক COVID-19 এবং গুরুতর প্রদাহজনক রোগের সাথে একটি সম্ভাব্য লিঙ্ক পাওয়া গেছে। প্রদাহজনক সিনড্রোমের এমন বৈশিষ্ট্য আছে যা কাওয়ামাসাকি রোগ এবং বিষাক্ত শক সিনড্রোমের চেয়ে গুরুতর উপসর্গ প্রকাশ করে এবং তীব্র COVID-19 থেকে অসুস্থ হওয়ার পরের দিন থেকে সপ্তাহের মধ্যে তা ঘটতে পারে। এটি ক্রমাগত স্বর, পেটের উপসর্গ, ফুসকুড়ি, এমনকি কার্ডিওভাসকুলার উপসর্গ প্রকাশ করে এবং এই সকল উপসর্গগুলির ক্ষেত্রে নিবিড় যত্নের প্রয়োজন আছে।

এই উপসর্গ দেখা দিলেই পেডিয়াট্রিক্সের দ্বারা প্রাথমিক পর্যায়ে রোগ চিহ্নিত করতে পারা এবং বিশেষজ্ঞের কাছে ক্রিটিক্যাল কেয়ারের জন্য রেফার করা অপরিহার্য। এই উপসর্গগুলি দেখা দিলেই শিশুদের মধ্যে COVID-19 আছে কি না তা শনাক্ত করতে আণবিক এবং সেরোলজিক্যাল টেস্টিং সুপারিশ করা হচ্ছে। অধিকাংশ রোগী যারা COVID-19 পজিটিভ হয়েছে, যাদের কিছু সংখ্যক SARS-COV-2 শনাক্ত হয়েছে আণবিক টেস্টিংয়ের ফলে, আর অন্যদের সেরোলজিক্যাল টেস্টিং এর ফলে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)